## উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটির আগস্ট/২০২৫ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি- মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
স্থানঃ সভাকক্ষ, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
সময়: সকাল- ১১.০০ ঘটিকা।
তারিখঃ ০৭/০৮/২০২৫ খ্রি.।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

আলোচ্য বিষয়:

১। উপজেলা খাদ্য বিভাগ সম্পর্কিত আলোচনা।

২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি সম্মানিত সদস্য সচিবকে অনুরোধ জানান।

সভার প্রারম্ভে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জনাব মো: মাসুদ রানা জানান যে, উপজেলা খাদ্য বিভাগের দাপ্তরিক কার্যক্রমসমূহ স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান কাহারোল উপজেলায় মোটা চাল ৪৮/- হতে ৪৯/- টাকা, মাঝারি চাল ৫৪/- হতে ৫৫/- টাকা, আটা ৩৫/- হতে ৩৭/- টাকা, ধান ৭৫ কেজির বস্তা ২৫০০/- হতে ২৫৫০/- টাকা। ধান চালের বাজারদর কৃষকের উৎপাদন খরচের সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে। বাজারে ধান চালের সরবরাহ স্বাভাবিক রয়েছে।

তিনি সভায় আরও জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় খোলা বাজারে ১৫/- টাকা কেজি দরে চাল নির্ধারিত ডিলারের মাধ্যমে বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে।

বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৮/২৫
মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার
এবং সভাপতি
**উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ,**
**মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি,**
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং- ৩৯৪

তারিখঃ ০৭/০৮/২০২৫ খ্রি.।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১) জেলা প্রশাসক, দিনাজপুর।
২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর।
৩) উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি, কাহারোল, দিনাজপুর।
৪) ----------------------অফিসার/কর্মকর্তা ও সদস্য, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি, কাহারোল, দিনাজপুর।
৫) জনাব ---------------------------------------------------------- কাহারোল, দিনাজপুর।
৬) অফিস কপি।

(মোঃ মাসুদ রানা)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ.দা)
কাহারোল, দিনাজপুর।